# এসএসএমসি এলামনাই এর পুনর্মিলনী

নিউইয়র্ক (ইউএনএ): 'এ্যান আপডেট অফ মেডিসিন' শ্লোগান ধরে নিজেদের পেশাগত দক্ষতা সমৃদ্ধ করতে একাডেমিক সেমিনার আর দ্বি-বার্ষিক নির্বাচনে নতুন কার্যকরী কমিটি - বাকী অংশ ৩০ পাতায়

# এসএসএমসি এলামনাই এর পুনর্মিলনী

শেষ পাতার পর

গঠনের মধ্যদিয়ে অনুষ্ঠিত হলো স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ (এসএসএমসি) এলামনাই এসোসিয়েশন এব্রড এর বার্ষিক পুনর্মিলনী। অনুষ্ঠানে ২০১৩-২০১৪ সালের জন্য সংগঠনের নতুন কমিটিতে ডা: ফারুক আহমেদ সভাপতি ও ডা: শাহীন আহমেদ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। জেএফকে আন্তর্জাতিক বিমানবন্দরের কাছে অবস্থিত হিলটন হোটেল পরিচালিত ডাবলট্রি হোটেলে গত ২৯ জুন শনিবার দিনব্যাপী এসএসএমসি এলামনাই এব্রড এর বার্ষিক পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানমালার মধ্যে ছিলো মেডিক্যাল বিষয়ক একাধিক একাডেমিক সেমিনার, দ্বি-বার্ষিক নির্বাচন, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি। এছাড়াও ছিলো শিশু-কিশোর-কিশোরীদের জন্য বিনোদনের ব্যবস্থা। ছিলো মেডিক্যাল বিষয়কসহ পোশাক-পরিচ্ছদের একাধিক স্টল। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন কুইন্স মেডিক্যাল সোসাইটির সভাপতি ডা. মালহোত্রা। একোডেমিক সেমিনার: বেলা একটার দিকে সেমিনার কক্ষে কোর্স পরিচালক ডা. ফারুক আহমেদের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে শুরু হয় এসএসএমসি অ্যালামনাই এব্রড'র বার্ষিক পুনর্মিলনী - বাকী অংশ ৩৫ পাতায়



# এসএসএমসি এলামনাই এর পুনর্মিলনী

৩০ পাতার পর

অনুষ্ঠান আর একাডেমিক সেমিনার। এই পর্বে পর্যায়ক্রমে বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখেন ডা. মোহাম্মদ কিউ ইসলাম, ডা. রুমানা সুলতানা, ডা. ফারুক আহমেদ, ডা. হাবিবুর রহমান ও জেরিমি ড্রাস্ট্রিক। সেমিনারগুলো উপস্থাপন/সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন সংগঠনের বিদায়ী সাধারণ সম্পাদক ডা. ওবায়দুর খান ও ডা. এষা খশনু। সেমিনারগুলোর পর অনুষ্ঠিত হয় সংগঠনের বিজনেস সভা। এই সভায় মডারেটর ছিলেন ডা. হাবিবুর রহমান।

দ্বি-বার্ষিক নির্বাচন: একাডেমিক সেমিনার শেষে বিকেল পাঁচটার দিকে সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয় এসএসএমসি এলামনাই এব্রড'র দ্বি-বার্ষিক নির্বাচন। এর আগে সংগঠনের গঠণতন্ত্রের একটি বিষয়ে একটি সংশোধনী সর্বসম্মতিতে গৃহীত হয়। ব্যতিক্রমী এই নিবাচনে উপস্থিত সদস্যদের কম্পিউটারাইজড পদ্ধতিতে এসএমএস ভোটে নতুন কমিটির কর্মকর্তাদের নির্বাচিত করা হয়। নির্বাচনে শুধুমাত্র সাংস্কৃতিক সম্স্লাদক পদে দু'জন প্রতিদ্বন্দ্বি থাকায় এই পদের নির্বাচনে এসএমএস ভোট সমান সংখ্যক পড়ায় পরবর্তীতে গোপন ভোটে প্রার্থী নির্বাচিত করা হয়। আগামী ২০১৩-২০১৪ সালের জন্য নির্বাচিত কর্মকর্তারা হচ্ছেন: সভাপতি- ডা. ফারুক আহমেদ, সহ সভাপতি- ডা. সুমিত মামুন, সাধারণ সম্পাদক- ডা. শাহীন আহমেদ, কোষাধ্যক্ষ- ডা. পারভেজ আলম, সহকারী কোষাধ্যক্ষ ডা. তাজবীর আলম এবং সাংস্কৃতিক সম্পাদক- ডা. বর্ণালী হাসান। কার্যকরী পরিষদ সদস্য- ডা. রুমানা সুলতানা, ডা. আসিফ হিলমী, ডা. মনির মোহর, ডা. শফি ভূঁইয়া, একেএম সরকার লিটু। এছাড়া বিদায়ী কমিটির সভাপতি ডা. হাবিবুর রহমান ও সাধারণ সম্পাদক ডা. ওবায়দুর খান পদাধিকার বলে কার্যকরী কমিটির সদস্য থাকবেন। এছাড়া ডা. কামরুল ইসলাম, ডা. আহমেদ কবীর মনি, ডা. নোয়াব আলী ও ডা. রতন বণিককে সংগঠনের উপদেষ্টা







পরিষদের সদস্য মনোনীত করা হয়। নির্বাচনী পর্বে ডা. এষা খশনুকে সংগঠনের এক্সপার্ট ফোরামের চেয়ারম্যান, ডা. সৈয়দ জালালকে ফান্ড রেইজিং কমিটির চেয়ারম্যান মনোননীত করা হয়। উল্লেখ্য, সাংস্কৃতিক সম্পাদক পদে ডা. বর্ণালী হাসানের প্রতিদ্বন্দ্বি ছিলেন ডা. সেজান মাহমুদ লিটু। সদস্যদের গোপন ভোটে ডা. বর্ণালী পান ১২ ভোট আর ডা. সেজান মাহমুদ লিটু পান ৯ ভোট।

**সাংস্কৃতিক অনুষ্ঠান:** বিকেল সাড়ে সাতটার দিকে হোলেটির বলরুমে শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানের শুরুতে যুক্তরাষ্ট্র ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। এরপর এসএসএমসি এলামনাই এব্রড'র বিদায়ী সভাপতি ডা. হাবিবুর রহমান উপস্থিত সকলের উদ্দেশ্যে সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন। এসময় তিনি সংগঠনের বিগত পাঁচ বছরের কর্মকান্ড সংক্ষেপে তুলে ধরেন এবং সম্মিলিতভাবে সংগঠনকে আরো শক্তিশালী করার আহ্বান জানান এবং সফল অনুষ্ঠান উপহার দেয়ার জন্য সংগঠনের কার্যকরী পরিষদের সকল কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এরপর শুভেচ্ছা বক্তব্য



এই পর্বে কবিতা পাঠ করেন ডা. হাবিবুর রহমান, ডা. রতন বণিক, চুটকি (জোকস) বলেন ডা. শুকুর ও ডা. মুকুট, সঙ্গীত পরিবেশন করেন ডা. মুকুট, ডা. বর্ণালী হাসান, ডা. মোহাম্মদ কিউ ইসলাম ও তার দল, মিলাদুন এ্যানী এবং ফাবিহা সিদ্দিকী। গীটার বাজিয়ে শুনায় নতুন প্রজন্মের রাজ হাসান। এছাড়া নৃত্য পরিবেশন করে নতুন প্রজন্মের মাইশা ও মালিহা রহমান। সাংস্কৃতিক অনুষ্ঠানটি পরিচালনা করেন ডা. এষা খশনু। উল্লেখ্য, শনিবারের অনুষ্ঠানটি ছিলো এসএসএমসি অ্যালামনাই অ্যাব্রোড'র তৃতীয় বার্ষিক পুনর্মিলনী অনুষ্ঠান। এতে সংগঠনের প্রায় অর্ধশত সদস্য/সদস্যা সপরিবারে অংশ নেন। অনুষ্ঠানটি উপলক্ষে একটি স্মরণিকাও প্রকাশ করা হয়। স্মরণিকাটি সম্পাদনা করেছেন ডা. সুমিত মামুন।

পুনর্মিলনী অনুষ্ঠানটি সফল করতে গঠিত কমিটির কর্মকর্তারা ছিলেন: চেয়ারম্যান-ডা. মোহাম্মদ ইসলাম, কো চেয়ার- ডা. শাহীন আহমেদ, সিএমই কমিটির প্রোগ্রাম ডাইরেক্টর- ডা. ফারুক আহমেদ, কো ডাইরেক্টর- ডা. ওবায়দুর খান, প্রোগ্রাম কোঅর্ডিনেটর-ডা. শাহীন আহমেদ, সদস্য- ডা. এষা খশনু ও ডা. পারভেজ আলম। এছাড়াও পুনর্মিলনী কমিটির সদস্য ছিলেন যথাক্রমে ডা. তাসবিরুল আলম, ডা. এনায়েত ঠাকুর, ডা. ফারুক আহমেদ, ডা. মোহাম্মদ রহমান, ডা. তানজিলা মুস্তফা, ডা. সাবিনা আওয়াল, ডা. জামিল আহমে, ডা. বার্ণালী হাসান, ডা. মনজিলা রহমান, ডা. রেজওয়ান আনিস, ডা. সাব্বির সিদ্দিক, ডা. ওলিয়া আলিয়া, ডা. রতন বণিক, ডা. খাজা চৌধুরী, ডা. আসিফ হিমলি কাজী, ডা. মুস্তফা সামাদ, ডা. মারুফা খাতুন, ডা. আশরাফ মালেক, ডা. এস এম মনির মোহর, ডা. রাবেয়া নুসরাত, ডা. শারমিন পান্না, ডা. ফাহমিনা কাদের, ডা. ফারহানা রানা, ডা. বিশ্বজিত সাহা, ডা. একেএম সরকার, ডা. মৌমিতা সরকার, ডা. আবু সিদ্দিক, ডা. মাহবুবুর সিদ্দিক, ডা. রুমানা সুলতানা ও ডা. আমিনুল ইসলাম সোহেল।